



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা



২০২০-২১ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জন্য ক্রশিয়ার, সেমিনার ফোল্ডার ও পোস্টার ছাপানোর লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১৮ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ।
সভার সময়	দুপুর: ০৩.৩০ মিনিট।
স্থান	ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং ২০১)।
উপস্থিতি	“ক”

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন যে, ট্রাস্টের সকল কর্মকর্তাদের মতামতের ভিত্তিতে ক্রশিয়ার, সেমিনার ফোল্ডার ও পোস্টার ছাপানো যেতে পারে। সভাপতির নির্দেশনাক্রমে ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ সভাটি সঞ্চালনা করেন। তিনি জানান যে, প্রতিবছর ট্রাস্টের নামে এফডিআরকৃত ব্যাংকের সৌজন্যে তাদের সিএসআর খাত থেকে ক্রশিয়ার, সেমিনার ফোল্ডার ও পোস্টার ছাপানো হয়। তবে, এর জন্য উক্ত ব্যাংক বরাবর সংখ্যা উল্লেখপূর্বক পত্র প্রদান করতে হয়। তিনি আরও জানান যে, এ পর্যন্ত যে সমস্ত ক্রশিয়ার, সেমিনার ফোল্ডার ও পোস্টার ছাপানোর হয়েছে, তা ওয়েবসাইটে বছর ওয়ারী আপলোড রয়েছে। তিনি আরও বলেন, ২০২০-২১ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জন্য ক্রশিয়ার, সেমিনার ফোল্ডার ও পোস্টার ছাপানোর লক্ষ্যে উক্ত সভা আহ্বান করা হয়েছে। বিগত বছরসমূহে ছাপানো ক্রশিয়ার, সেমিনার ফোল্ডার ও পোস্টারসমূহ নিয়ে সভায় ট্রাস্টের পরিচালক কাজী দেলোয়ার হোসেন তাঁর মতামত তুলে ধরেন। পরবর্তীতে, ২০২০-২১ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জন্য ক্রশিয়ার, সেমিনার ফোল্ডার ও পোস্টার ছাপানোর লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

৩.০ সিদ্ধান্তসমূহ:

৩.১ ট্রাস্টের জন্য ২০২০-২১ অর্থবছরে একটি আকর্ষণীয় বাংলা-ইংরেজি ক্রশিয়ার ছাপানো হবে;

৩.২. ট্রাস্টের প্রতিটি কার্যক্রম নিয়ে আলাদাভাবে এফ.ডি.আর.কৃত ব্যাংকের সৌজন্যে পোস্টার ছাপানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;

৩.৩ আকর্ষণীয় সেমিনার ফোল্ডার ব্যাংকের সৌজন্যে ছাপানো হবে;

৩.৪ বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ ব্যাংকের সৌজন্যে পূর্বের ন্যায় ছাপানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;

এবং

৩.৫ বার্ষিক প্রতিবেদন, ক্রশিয়ার, সেমিনার ফোল্ডার ও পোস্টার ছাপানো বিষয়ে সকল কর্মকর্তাগণ তাঁদের মতামত ও ধারণা আগামী ০৫ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন শাখায় জমা দিবেন।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.৯৯.০০১.১৮.৪৩

তারিখ: ৩ কার্তিক ১৪২৭
১৯ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক (যুগ্ম সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৩) স্কিম পরিচালক (HSP), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৪) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৫) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৭) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৮) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৯) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১০) প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১১) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট



মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক